# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 MARCH 2026** **7:45—7:55**

---

১) প্রধানমন্ত্রী পোষণ শক্তি নির্মাণ প্রকল্পের অধীনে শিশুদের প্রদান করা পুষ্টিকর খাদ্য মানব সম্পদের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ বিনিয়োগ বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর মন্তব্য ।

২) নির্বাচন কমিশনের আসামের জন্য ১৩৬ জন পর্যবেক্ষক নিয়োগ ।

৩) বিধানসভা নির্বাচনের জন্য বেশ কয়েকটি রাজনৈতিক দলের প্রার্থীর তালিকা ঘোষনা ।

এবং

৪) সন্তান দত্তক নেওয়া মায়েরা প্রসূতিকালীন ছুটির জন্য যোগ্য হবেন বলে সুপ্রীম কোর্টের রায়দান ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ বলেছেন যে প্রধানমন্ত্রী পোষণ শক্তি নির্মাণ , পি এম পোষণ প্রকল্পের অধীনে শিশুদের প্রদান করা পুষ্টিকর খাদ্য মানব সম্পদের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ বিনিয়োগ । নতুন দিল্লীতে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি ভাষণপ্রসঙ্গে বলেন যে আজকের সুস্থ শিশুরা আগামীকাল একটি সুস্থ ভারত গড়ে তুলতে সক্ষম হবে এবং আগামী দিনে দেশের সর্বাঙ্গীণ বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করবে । সেইসঙ্গে রাষ্ট্রপতি বলেন যে শিশুদের নাম পঞ্জীয়ন এবং বিদ্যালয় ছুটদের পুনরায় বিদ্যালয়ে ফিরিয়ে আনার ব্যাবস্থা সম্পর্কে করা বিভিন্ন গবেষণার পর পি এম পোষণ প্রকল্পটি প্রস্তুত করা হয়েছিলো এবং এর মাধ্যমে ছাত্র ছাত্রীদের বিদ্যালয়ে প্রদর্শন এবং শিক্ষা গ্রহণ করার ক্ষমতার বিকাশের ওপর গুরুত্ব দেওয়া হয় ।

বাইট---দ্রৌপদী মূর্মু

-----------------------------------------------------------------------------------

স্বচ্ছতা রক্ষা ,দায়বদ্ধতা ও কৃষককে সময়মতো বীমার দাবী করা অর্থ হস্তান্তর প্রক্রিয়া নিশ্চিত করার জন্য সরকার প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার সংস্কার সাধন করেছে । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে পূর্বে কৃষকদের তাঁদের ব্যাঙ্ক একাউন্টে বীমার অর্থ হস্তান্তরের জন্য বেশ কয়েকমাস অপেক্ষা করতে হতো । তিনি বলেন যে বীমা কোম্পানীসমূহকে কৃষি সম্পর্কীত দাবীর ক্ষেত্রে ২১ দিনের মধ্যে বিষয় নিষ্পত্তি না করলে ১২ শতাংশ সূদ সহ অর্থ প্রদান করতে হবে । ফসল বীমার অর্থ প্রদানের ক্ষেত্রে বিলম্ব করলে রাজ্যসরকারগুলিকেও ১২ শতাংশ সূদ সহ কৃষককে অর্থ দিতে হবে বলে মন্ত্রী জানান । শ্রী চৌহান বলেন যে কৃষকেরা কৃষি রক্ষক পোর্টেলে বীমার দাবী সম্পর্কিত অভিযোগ পঞ্জীয়ন করতে পারবেন । এই পোর্টেলে দুই লক্ষ ৭১ হাজারেরও অধিক অভিযোগ পঞ্জীয়ন হয়েছে বলে উল্লেখ করে শ্রী চৌহান বলেন সরকার অভিযোগগুলির যাবতীয় তদন্ত করে কঠোর ব্যাবস্থা গ্রহণের পদক্ষেপ নিয়েছে ।

বাইট---শিবরাজ সিং চৌহান

শ্রী চৌহান বলেন যে সরকার কৃষকদের থেকে তাঁদের উৎপাদন ক্রয় করার ব্যাবস্থা করেছে । চলতি বছরে গম ,ধান , তৈলবীজ ও ডালের ন্যূনতম সমর্থন মূল্য বৃদ্ধি করেছে বলেও তিনি জানান.

-----------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আজ অসম জাতীয় পরিষদ দল ৮ টি আসনের জন্য প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে । দলের সভাপতি লুরিন জ্যোতি গগৈ খোয়াং আসনের প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দিতা করবেন ।কার্যকরী সভাপতি রাজেন গোহাই বঢমপুর আসনে প্রতিদ্বন্দিতা করবেন ।সভাপতি শ্রী গগৈ সাংবাদিকদের জানান যে পরবর্তী সময়ে শদিয়া ও কেন্দ্রীয় গৌহাটী আসনের জন্য প্রার্থীর নাম ঘোষনা করা হবে ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আজ এ আই ইউ ডি এফ দল ১২ টি আসনের জন্য প্রার্থী তালিকা প্রকাশ করেছে । বিন্নাকান্দি আসনে বদরুদ্দিন আজমল , দক্ষিণ করিমগঞ্জে শ্বেহাব উদ্দিন , রামকৃষ্ণনগর আসনে ড: অনুপ কুমার দাসকে প্রার্থীত্ব প্রদান করা হয়েছে । এর আগে ও দল ৯ টি আসনের জন্য প্রার্থী তালিকা প্রকাশ করেছিল । এপর্যন্ত দলটি মোট ২১ টি আসনের জন্য প্রার্থীর নাম  ঘোষনা করেছে ।

-----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন  আসাম , কেরালা , পদুচেরী , তামিলনাডু ও পশ্চিবংগে অনুষ্ঠেয় নির্বাচন পর্যবেক্ষনের জন্য মোট এক হাজার ১১১ জন পর্যবেক্ষক নিয়োগ করেছে । আসামের জন্য ১৩৬ জন পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে ,  এর মধ্যে ৫১ জন সাধারণ পর্যবেক্ষক , ৩৫  জন পুলিশ পর্যবেক্ষক ও ৫০ জন ব্যয় পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে দু জন ব্যয় পর্য্যবেক্ষক আজ শ্রীভূমি শহরে এসেছেন । এবারের নির্বাচনে উত্তর করিমগঞ্জ ও দক্ষিন করিমগঞ্জ বিধানসভা আসনের জন্য রাহুল পানজাবরাও গাওয়ানডে এবং পাথারকান্দি ও রামকৃষ্ণনগর বিধানসভা আসনের জন্য গোয়ারসে প্রসাদ দত্তাত্রেয়কে ব্যয় পর্য্যবেক্ষক হিসেবে এসেছেন  । এদিকে জেলার দু জন সাধারন পর্যবেক্ষক আগামীকাল জেলায় আসছেন ।

----------------------------------------------------------------------------------------

উচ্চতম ন্যায়লয় সন্তান দত্তক নেওয়া মাতৃসকল প্রসূতিকালীন  ছুটীর জন্য যোগ্য বিবেচিত হবেন বলে রায় দিয়েছে ।বিচারপতি জে বি পার্ডিয়ালার নেতৃত্বে বিচারপীঠ এসম্পর্কে শুনানি গ্রহণ করে তিন মাসের বেশী বয়সের সন্তান দত্তক নেওয়া মহিলারা ছুটির জন্য বিবেচিত হবেন বলে রায় দিয়েছে ।এছাড়া আদালত কেন্দ্রীয় সরকারকে প্রসূতি মায়ের ছুটির মতো পিতৃত্বের ছুটিকে বৈধ করার দিকে  কাজ করার পোষকতা করেছে । সর্বোচ্চ ন্যায়লয়ের শুনানিতে বলা হয়েছে যে, পিতাদের ও সন্তান প্রতিপালনের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করা উচিত ।ন্যায়লয় সামাজিক সুরক্ষা সংহিতার সংশ্লিষ্ট  ধারা বাতিল করে । উল্লেখ্য এই ধারা অনুযায়ী দত্তক নেওয়া শিশুর ক্ষেত্রে মায়েদের শুধু তিন মাসের ছুটি নেওয়ার ব্যবস্থা ছিল ।

----------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন এবারের আসাম সহ চারটি রাজ্য ও একটি কেন্দ্র শাসিত অঞ্চলে বিধানসভা নির্বাচনে একাধিক নতুন ব্যবস্থা শুরু করেছে । নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে যে এবার ভোটাররা মোবাইল ফোন সঙ্গে নিয়ে  ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবেন । তবে ভোটদানের কক্ষের ভিতরে মোবাইল ব্যবহার সম্পূর্ন নিষিদ্ধ থাকবে । ভোট দেওয়ার আগে নির্দিষ্ট মোবাইল ডিপোজিট ইউনিটে ফোন জমা করতে হবে । এছাড়া ভোটারদের সুবিধার কথা মাথায় রেখে এবার ই ভি এম - এ প্রার্থীদের নাম ও প্রতীকের পাশাপাশি রংগিন ছবি প্রর্দশিত হবে । নির্বাচন কমিশন আরো জানিয়েছে , এবার একটি ভোট কেন্দ্রে সর্বাধিক ১২শ ভোটার রাখা হবে । এরফলে

ভীড় কমবে এবং ভোটগ্রহন প্রক্রিয়া আরো সুশৃংখলভাবে সম্পন্ন হবে । এবারের নির্বাচনে ই সি আই নেট নামে একটি মোবাইল এ্যাপ চালু করা হয়েছে যেখানে নির্বাচন সংক্রান্ত সমস্ত তথ্য যেমন ভোটার তালিকা , ভোট কেন্দ্রের তথ্য এবং অন্যান্য গুরুত্বপূর্ন আপডেট পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আজ দ্বিতীয় দিন বিধানসভা নির্বাচনের জন্য কোন মনোনয়ন পত্র জমা পড়ে নি । জেলার চারটি বিধানসভা আসনের জন্য প্রতিদ্বন্দি প্রার্থীরা আগামী ২৩শে মার্চ পর্য্যন্ত সরকারী ছুটির দিন ছাড়া মনোনয়ন পত্র জমা করতে পারবেন । প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত জেলা আয়ুক্তের কার্য্যলয়ে মনোনয়ন পত্র জমা করতে হবে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনে ভোটারদের প্রভাবিত করতে উৎকোচ নেওয়ার বিরুদ্ধে শ্রীভূমি জেলা প্রশাসন ব্যাপক সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নিয়েছে । এ বিষয়ে প্রশাসনের পক্ষ থেকে ভোটারদের সতর্ক থাকার জন্য বিশেষভাবে আহ্বান জানানো হয়েছে । জেলা প্রশাসনের প্রকাশিত এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ভারতীয় নাগরিক সংহিতার ধারা ১৭০ ও ১৭১ এর অর্ন্তগত ১৭১ (বি) অনুযায়ী নির্বাচনে উৎকোচ দেওয়া বা গ্রহণ করা একটি গুরুতর অপরাধ । কোনো প্রার্থী বা ব্যাক্তি যদি ভোটাধিকার প্রয়োগের উদ্দেশ্যে নিজে বা অন্য কাউকে প্রলোভন বা উপহার হিসেবে উৎকোচ প্রদান করেন বা গ্রহণ করেন তবে তা  আইনত: দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে ।এছাড়া ভারতীয় নাগরিক সংহিতার ধারা ১৭১ ( সি ) অনুসারে নির্বাচনের সময় কোনো প্রার্থি বা ভোটারের ভোটাধিকার প্রয়োগে ইচ্ছাকৃতভাবে বাধা সৃষ্টি করা বা বাধা দেওয়ার চেষ্টা করা অহেতুক প্রভাব হিসেবে বিবেচিত হবে । এধরণের অপরাধের ক্ষেত্রে এক বছর পর্যন্ত কারাদন্ড , জরিমানা  বা উভয় দন্ডই হতে পারে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সমপন্ন করতে জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে জেলার বিভিন্ন রাজনৈতিক দলের সভাপতি ও সম্পাদকদের নিয়ে সম্প্রতি একটি সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় জেলা আয়ুক্ত জানান যে এবারের নির্বাচনে আর্দশ আচরন বিধি কঠোরভাবে মেনে চলতে হবে । আর্দশ আচরন বিধি লংঘনের কোন অভিযোগ সামনে এলে , প্রশাসন গুরুত্ব সহকারে বিবেচনা করবে এবং প্রয়োজনে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করবে বলেও জেলা আয়ুক্ত

জানান । পাশাপাশি গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে সকল রাজনৈতিক দলগুলিকে তিনি সহযোগীতার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈন জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপুর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারার অধীনে বেশ কিছু বিধিনেষেধ জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যাক্তি একত্রিত হতে পারবেন না । অনুমতি ছাড়া কোন সরকারী-বেসরকারী প্রাঙ্গন , শিক্ষা প্রতিষ্ঠান , অতিথিশালায় নির্বাচনী প্রচার অভিযান চালানো যাবে না । যেকোন ধরনের অস্ত্র , বিস্ফোরক বা সন্দেহজনক বস্তু বহন করা যাবে না । এছাড়া অনুমতি ছাড়া কোন জনসভা , র‍্যালী , ধর্না বা মিছিল করা যাবে না । পাশাপাশি কোন জাতি,ধর্ম বা সম্প্রদায়কে আঘাত করে উস্কানিমূলক ভাষন , স্লোগান , ব্যানার বা দেওয়াল লিখন সম্পুর্ন নিষিদ্ধ করা হয়েছে । মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের একশ মিটারের মধ্যে কোন যানবাহন রাখা যাবে না । তবে এই নির্দেশ সরকারী কর্মচারী , পুলিশ , আধা সামারিক বাহিনী, অ্যাম্বুল্যান্স বা অগ্নিনির্বাপক পরিষেবার মতো জরুরী পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না । নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ ধারায় কঠোর  ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------